গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
এস্টাবলিশমেন্ট অব ইন্টিগ্রেটেড এডুকেশনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (IEIMS) প্রকল্প
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫
www.banbeis.gov.bd e-mail: crvs_ieims@banbeis.gov.bd

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৫.১৪.০৬৫.২০১৮-IEIMS-

তারিখ: ১০ কার্তিক ১৪২৮ / ২৬ অক্টোবর ২০২১

বিষয়: শিক্ষা মন্ত্রণালয়াধীন বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কর্তৃক বাস্তবায়নাধীন এস্টাবলিশমেন্ট অব "ইন্টিগ্রেটেড এডুকেশনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (IEIMS)" প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) এর ষষ্ঠ সভার কার্যবিবরণী।

সভাপতি : হাবিবুর রহমান, মহাপরিচালক, ব্যানবেইস
স্থান : ব্যানবেইস সভাকক্ষ
সভার তারিখ ও সময় : ১৮/১০/২০২১ সোমবার, সকাল ১১.০০ ঘটিকায়
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' এ সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালক প্রফেসর মো: শামছুল আলমকে অনুরোধ জানান।

২। প্রকল্প পরিচালক আলোচ্যসূচি অনুযায়ী পঞ্চম PIC সভার সিদ্ধান্তসমূহ ও তার বাস্তবায়ন অগ্রগতি, প্রকল্পের সার্বিক অগ্রগতি, ডিপিপি সংশোধন সংক্রান্ত বিষয়সহ বিবিধ বিষয়ে Power Point উপস্থাপন করেন।

৩। উপস্থাপিত বিষয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র নং | আলোচনা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৩.১ | ০১/০৪/২০২১ তারিখে অনুষ্ঠিত পঞ্চম সভার সিদ্ধান্ত | |
| (ক) | নিয়মিত PIC সভা আহবান এবং প্রকল্প বাস্তবায়ন সম্পর্কে Stakeholderদের অবহিত করতে হবে। | প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে প্রকল্প কার্যালয় কর্তৃক Stakeholder দের নিয়মিতভাবে অবহিত করা হচ্ছে। |
| (খ) | RADP-তে ২০২০-২১ অর্থবছরে বরাদ্দকৃত ৬০০০.০০ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব কিনা তা যাচাই করে দ্রুত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগকে জানাতে হবে। | RADP তে ২০২০-২০২১ অর্থবছরে বরাদ্দকৃত ৬০০০.০০ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব কি না তা যাচাই করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগকে জানানো হয়েছে। |
| (গ) | • মেয়াদ বৃদ্ধির প্রস্তাব শিক্ষা মন্ত্রণালয় হতে IMED তে দ্রুত প্রেরণ করতে হবে।<br>• Project Steering Committee এর সভা আহ্বান করতে হবে। | • প্রকল্পের মেয়াদ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধির প্রশাসনিক আদেশ জারি হয়েছে।<br>• PSC এর ৪র্থ সভা ২৪/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে। |
| (ঘ) | • চট্টগ্রাম, যশোর, ময়মনসিংহ ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড আগামী ৪ ও ৫ এপ্রিল ২০২১ এর মধ্যে কক্ষ বরাদ্দপত্র প্রকল্প দপ্তরে প্রেরণ করবে।<br>• ব্যানবেইস ভবনের ২য় তলায় আগামি সপ্তাহের মধ্যে স্থান নির্বাচন করতে হবে। | • শিক্ষাবোর্ডসহ সকল সংস্থার সংশ্লিষ্ট দপ্তর হতে কক্ষ বরাদ্দপত্র প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>• ব্যানবেইস এর মূল ভবনের পার্শ্বে নির্মিতব্য ৫ তলা ভবনের ২য় তলায় Server Room Passive Infrastructure এর জন্য স্থান নির্ধারণ করা হয়েছে। |
| (ঙ) | প্রকল্পের সাথে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার ডিপিপি এর সংস্থান অনুযায়ী জনবল সৃষ্টির জন্য কার্যক্রম গ্রহণ করতে হবে। এ ছাড়া ডিপিপি এর সংশ্লিষ্ট অংশ সকলকে প্রেরণ করতে হবে। | DPP এর সংশ্লিষ্ট অংশসহ ৫ম PIC ও ৪র্থ PSC সভার সুপারিশসহ জনবলের পদসৃজনের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সকল শিক্ষা বোর্ডে পত্র প্রেরণ করা হয়েছে। |
| (চ) | পরামর্শকটিম কর্তৃক ১৫মে ২০২১ এর মধ্যে জুনিয়র কনসালটেন্ট নিয়োগের গাইডলাইন প্রকল্প দপ্তরে প্রেরণ নিশ্চিত করবে। | পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক জুনিয়র কনসালটেন্ট নিয়োগ সংক্রান্ত ToR প্রকল্প কার্যালয়ে দাখিল করেছে। |
| (ছ) | প্রকল্প মেয়াদের সাথে সামঞ্জস্য রেখে প্রয়োজনে বুয়েটের কনসালটিং টিমের সঙ্গে আলোচনা পূর্বক সংশ্লিষ্ট Gantt Chart এক সপ্তাহের মধ্যে Lot-2 এবং Lot-3 এর Software Development Firm কর্তৃক সংশোধনী প্রকল্প দপ্তরে দাখিল করতে হবে। | প্রকল্প মেয়াদ এর সাথে সামঞ্জস্য রেখে Lot-2 এবং Lot-3 এর ভেন্ডর কর্তৃক Software Development এর Gantt Chart প্রকল্প দপ্তরে দাখিল করেছে। |

| ক্র.নং | আলোচনা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৩.১ | ০১/০৪/২০২১ তারিখে অনুষ্ঠিত পঞ্চম সভার সিদ্ধান্ত | |
| (ক) | কোভিড-১৯ অতিমারির প্রভাব বিবেচনায় প্রকল্প বাস্তবায়নের বিষয়ে বিকল্প বাস্তবায়ন পরিকল্পনা গ্রহণ করতে হবে। | কোভিড-১৯ অতিমারি প্রভাব বিবেচনায় নিয়ে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ৬০০ জন মাস্টার ট্রেইনার ট্রেনিং অনলাইনে পরিচালিত হয়েছে। মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা (৯ জন আঞ্চলিক পরিচালক, ৯ জন উপ-আঞ্চলিক পরিচালক, ৬৪ জন জেলা শিক্ষা কর্মকর্তা, ৫১৮ জন উজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ৬০ সহকারি প্রোগ্রামার) গণের সঙ্গে প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিষয়ে অনলাইনে মতবিনিময় সভা করা হয়েছে। এছাড়াও শিক্ষাপ্রতিষ্ঠান পর্যায়ে শিক্ষার্থী তথ্যছক পূরণ কার্যক্রমে স্বাস্থ্যবিধি মেনে গ্রুপভিত্তিক/শ্রেণিভিত্তিক তথ্যছক বিতরণ ও জমাদানের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। |

**<u>আলোচ্যসুচি</u> : ৪- প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতি।**

৪.১: প্রকল্প পরিচালক প্রকল্পের ভৌত অগ্রগতি নিম্নলিখিতভাবে উপস্থাপন করেন :

ক) সিআরভিএস এর আলোকে শিক্ষার্থী প্রোফাইল প্রনয়ণ ও UID প্রদান সংক্রান্ত কার্যক্রম:

- ব্যানবেইস ভবনের ৪র্থ তলায় CRVS সংক্রান্ত Integrated Server Room Passive Infrastructure স্থাপন করা হয়েছে।
- সিসিডিএস অনুসরণ করে শিক্ষার্থীদের জন্য শিক্ষার্থী প্রোফাইল ফর্ম ডিজাইন এবং মুদ্রন শেষে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে মাঠ পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে। শিক্ষার্থী তথ্যছক পূরণের কাজ চলমান রয়েছে।
- শিক্ষার্থী প্রোফাইল তথ্যছকের ভিত্তিতে ডেটাবেইজ এপ্লিকেশন সিস্টেম ডিজাইন এবং ডেভেলপমেন্ট সম্পন্ন হয়েছে, যা প্রি-টেস্টিং পর্যায়ে রয়েছে।
- স্টুডেন্ট প্রোফাইল ফর্ম ফিল-আপ, সফটওয়্যারে প্রতিটি শিক্ষার্থীর ছবি আপলোড, ডেটা এন্ট্রি ইত্যাদি বিষয়ে ৬০০জন মাস্টার ট্রেইনারকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- স্টুডেন্ট প্রোফাইল ফর্ম ফিল-আপ সফটওয়্যারে প্রতিটি শিক্ষার্থীর ছবি আপলোড, ডেটা এন্ট্রি ইত্যাদি বিষয়ে ৫০,০০০ শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- সিআরভিএস ব্যবস্থার আলোকে শিক্ষার্থী প্রোফাইল ডেটাবেজ প্রস্তুত এবং ইউআইডি প্রদানের লক্ষ্যে শিক্ষার্থীর মাতা-পিতার এনআইডিসহ প্রয়োজনীয় তথ্য যাচাইয়ের জন্য ০৩/০৭/২০১৯ তারিখে বালাদেশ নির্বাচন কমিশন এর সাথে চুক্তি করা হয়েছে।
- শিক্ষার্থীর জন্ম সনদ যাচাই এবং UID প্রাপ্তির জন্য ওআরজি, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর সাথে ৩০/০৯/২০২০ তারিখে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়েছে।
- ৫ম শ্রেণি সমাপ্তকারী শিক্ষার্থীদের তথ্য স্বয়ংক্রিয়ভাবে স্থানান্তরের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সাথে ১০/১২/২০২০ তারিখে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়েছে।
- এনআইডি এবং ওআরজি এর সাথে APILink স্থাপিত হয়েছে।

খ) সমন্বিত শিক্ষা তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম:

উল্লেখিত বিষয়ে আলোচনায় সমন্বিত শিক্ষা তথ্য ব্যবস্থাপনা প্রক্রিয়া প্রণয়ন সংক্রান্ত কার্যক্রমের আওতায় Lot-1, Lot-2, Lot-3 ও CRVS Software Development এর অগ্রগতির বিষয় পর্যলোচনার জন্য প্রকল্প কার্যালয়, পরামর্শক টিম, Stakeholder সংস্থার প্রতিনিধিসহ পর্যালোচনা সভা করার জন্য মহাপরিচালক, ব্যানবেইস নির্দেশনা প্রদান করেন। বর্নিত সভায় Lot-1, Lot-2, Lot-3 ও CRVS Software Development Vendor গণ স্ব স্ব Software Development কাজের সকল কার্যক্রম প্রকল্প মেয়াদের মধ্যে সমাপ্ত করার পরিকল্পনাসহ উল্লিখিত কাজের হালনাগাদ অগ্রগতি উপস্থাপনের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

সিদ্ধান্ত - ৪.১ : **আগামি ২৬ অক্টোবর ২০২১ মঙ্গলবার দুপুর ২.০০ ঘটিকায় Software Development এর অগ্রগতি পর্যালোচনা সভা আয়োজন করতে হবে। এছাড়াও প্রকল্পের ভৌত অগ্রগতি ত্বরান্বিত করার বিষয়ে আরো তৎপর হতে হবে।**

**৪.২: প্রকল্পের আর্থিক অগ্রগতি: জুন ২০২১ পর্যন্ত (অংক সমূহ লক্ষ টাকায়):**

| ক্রমিক নং | ব্যয়ের প্রধান খাত | টার্গেট | জুন ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিভুত ব্যয় |
|---|---|---|---|
| | | পরিমাণ | |
| ১ | বেতন ও ভাতাদি | ১১৯.৩০ | ১০৫.২৭ |
| ২ | সরবরাহ ও সেবা | ১১৫৪৮.৩৫ | ১৯৭২.১৪ |
| মোট রাজস্ব ব্যয় | | ১১৬৬৭.৬৫ | ২০৭৭.৪৩ |
| ৩ | যানবাহন ক্রয় | ৫০.০০ | ৪৩.৬৮ |
| ৪ | কম্পিউটার হার্ডওয়ার এবং অন্যান্য যন্ত্রপাতি | ৫৪৬৮.২৩ | ১১১৮.৮৭ |
| ৫ | কম্পিউটার সফটওয়ার | ১৩১১৬.৭৬ | ৩৭৬.১৭ |
| ৬ | প্রয়োজনীয় আইসিটি অবকাঠামো নির্মাণ | ১০২৮.৩৬ | ২৫৮.৮৫ |

| | | | |
|---|---|---|---|
| মোট মূলধন ব্যয় | | ১৯৬৬৩.৩৫ | ১৭৯৭.৫৭ |
| | সর্বমোট | ৩১৩৩১.০০ | ৩৮৭৪.৯৮ (১২.৩৭%) |

**সিদ্ধান্ত-৪.২ : আর্থিক অগ্রগতি বৃদ্ধির জন্য শিক্ষার্থী প্রোফাইল তৈরি ও UID প্রদান সংক্রান্ত তথ্য সংগ্রহ, Data Entry এবং সুপারভিশন কাজের সম্মানী ও পারিতোষিক, শিক্ষার্থীদের UID কার্ড প্রদান, কম্পিউটার হার্ডওয়ার এবং অন্যান্য যন্ত্রপাতি ও ডেটাবেজ সফটওয়ার, ১১টি শিক্ষাবোর্ডে ICT অবকাঠামো নির্মান খাতে গৃহীত কার্যক্রম ত্বরান্বিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।**

**আলোচ্যসুচি: ৫: ডিপিপি সংশোধন:**

প্রকল্প পরিচালক সভাকে জানান যে, আইইআইএমএস প্রকল্পটি জুন ২০১৮ মাসে একনেক কর্তৃক অনুমোদিত হয় এবং এ প্রকল্পের অনুমোদিত মেয়াদ ছিল জুন ২০২১ পর্যন্ত। কোভিড-১৯ অতিমারির প্রভাব বিবেচনায় প্রকল্পের মেয়াদ জুন-২০২২ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নকালীন Computer Hardware এর সংখ্যা ও ধরণের পরিবর্তন, অনুমোদিত ডিপিপি অনুযায়ী মোট শিক্ষার্থী ও শিক্ষার্থী তথ্যছক, UID কার্ড এবং Software Module এর সংখ্যা পরিবর্তন হওয়ায় অনুমোদিত ডিপিপি সংশোধনের প্রয়োজন; ডিপিপি সংশোধনের উল্লেখিত কারণসমূহ যৌক্তিকতাসহ নিম্নে লিখিতভাবে তিনি সভায় উপস্থাপন করেন।

৫.১: প্রকল্প পরিচালক উল্লেখ করেন ডিপিপি প্রণয়নের সময় ব্যানবেইস (Central Site) এবংLocal Site হিসেবে শিক্ষাবোর্ডসমূহ এর জন্য মোট ১৩(তের)টি সংস্থাকে প্রকল্পভুক্ত করা হয়েছিল। কিন্তু প্রকল্প কার্যক্রম বাস্তবায়নকালীন ময়মনসিংহ শিক্ষা বোর্ড ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর অন্তর্ভুক্ত হওয়ায় Hardware Equipment এর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। এছাড়াও তিনি অনুমোদিত DPP ও প্রস্তাবিত RDPP তে Hardware এর সংখ্যার Variation নিয়ে লিখিতভাবে যৌক্তিকতা উপস্থাপন করেন:

অনুমোদিত ডিপিপি এবং বর্তমানে প্রণীত Computer Hardware Equipment এর ধরণ ও সংখ্যার তুলনামূলক বিবরণ নিম্নরূপ:

| Sl.no | Items | Quantity | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | As per DPP | | | Actual Requirement | | |
| | **Active Elements** | BANBEIS | Education Board and others | Total | BANBEIS | Education Boards | Total |
| 1. | Servers: | | | | | | |
| | a) Data base Server | 6 | 24 | 30 | 12 | 66 | 78 |
| | b) Gateway Server | 2 | 12 | 14 | - | - | - |
| | c) Application Server | 4 | 6 | 10 | 26 | - | 26 |
| | d) Web Server | 4 | - | 4 | - | | |
| | e) Backup Management Server | 2 | 3 | 5 | 5 | - | 5 |
| | f) Firewall Management Server | 2 | 12 | 14 | 4 | - | 4 |
| | g) Storage Server | - | - | 0 | 6 | 22 | 28 |
| | Total (a-g) | 20 | 57 | 77 | 53 | 88 | 141 |
| 2 | Tap Library | 2 | 3 | 5 | 1 | | |
| 3 | Core Router | 6 | 22 | 28 | 10 | 22 | 32 |
| 4 | Core Firewall | 6 | 22 | 28 | 12 | 22 | 34 |
| 5 | Isolation Firewall | - | - | 0 | 0 | 22 | 22 |
| 6 | Data connectivity and distribution switch | 4 | 24 | 28 | 11 | 88 | 99 |
| 7 | Load Balancer | 4 | - | 4 | - | - | - |
| 8 | Tap driver | - | 9 | 9 | - | - | - |
| 9 | SAN Switch | - | - | 0 | 2 | - | 2 |
| 10 | SAN Storage | - | - | 0 | 1 | - | 1 |
| 11 | Desktop Computer | 4 | 121 | 125 | 6 | 196 | 202 |
| 12 | Privileged Access Management (PAM) | - | - | - | 1 | 0 | 1 |
| 13 | Anti-Ddos Security | - | - | - | 2 | 0 | 2 |
| 14 | Web Application Firewall (WAP) | - | - | - | 2 | 0 | 2 |
| 15 | Network Management System (NMS) | - | - | - | 1 | 0 | 1 |

| Sl.no | Items | Quantity | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | As per DPP | | | Actual Requirement | | |
| | **Active Elements** | BANBEIS | Education Board and others | Total | BANBEIS | Education Boards | Total |
| 16 | System Information and Even Management (SIEM) | - | - | - | 1 | 0 | 1 |
| 17 | Demilitize Zone (DMZ) switch & Server farm switch | - | - | - | 6 | 0 | 6 |
| 18 | Scanner and Printer Switch | - | - | - | 0 | 44 | 44 |
| | **IT Infrastructure/Passive Elements** | | | | | | |
| 1 | Power System and Cables | 3 | 10 | 13 | 2 | 11 | 13 |
| 2 | Diesel Generator (230 KVA) | 1 | 11 | 12 | 1 | 11 | 12 |
| 3 | Transient Voltage Surge Suppression System (TVSS) | 1 | 11 | 12 | 1 | 11 | 12 |
| 4 | Intelligent/ Static Transfer Switch (ITS/STS) | 1 | 11 | 12 | 8 | 11 | 19 |
| 5 | Automatic Voltage Regulator (AVR) | 1 | 11 | 12 | 1 | 11 | 12 |
| 6 | Manual Change Over (MCO) | - | - | 0 | 1 | - | 1 |
| 7 | Grounding/Earthing System | 1 | 11 | 12 | 1 | 11 | 12 |
| 8 | Early Streamer Emitter Lightning Arrestor | - | - | 0 | 1 | 44 | 45 |
| 9 | UPS | 1 | 11 | 12 | 2 | 22 | 24 |
| 10 | Battery Bank | - | - | 0 | 2 | 0 | 2 |
| 11 | Rodent Repellent System | 1 | 11 | 12 | 2 | 11 | 13 |
| 12 | Dehumidifier | 1 | 11 | 12 | 4 | 11 | 15 |
| 13 | Environment Management System (EMS) plus DCIM | 1 | 11 | 12 | 1 | 11 | 12 |
| 12 | Fire/Gas Detection & Suppression System | 1 | 11 | 12 | 1 | 44 | 45 |
| 15 | Fire Extinguishing System (Portable) | - | - | 0 | 8 | 44 | 52 |
| 16 | 2 hours Fire resisting door | - | - | 0 | 1 | 0 | 1 |
| 17 | Fire Rated Path Way | - | - | 0 | 1 | 0 | 1 |
| 18 | RACK (42U Rack) | - | - | 0 | 8 | 22 | 30 |
| 19 | KVM Switch | - | - | 0 | 8 | 0 | 8 |
| 20 | Precision Air Conditioner (PAC) | 2 | - | 2 | 2 | 0 | 2 |
| 21 | MCO for Precision Air Condition (PAC) | - | - | 0 | 2 | 0 | 2 |
| 22 (a) | Comfort Air-condition (2 Ton) | 4 | 20 | 24 | 10 | 44 | 54 |
| 22 (b) | Comfort Air-condition (4 Ton) | - | - | 0 | 2 | 0 | 2 |
| 23 | LAN Cable | 1 | 11 | 12 | 1 | 11 | 12 |
| 24 | Access Control and Monitoring System | 1 | 11 | 12 | 1 | 11 | 12 |
| 25 | Video Recording System | 1 | 11 | 12 | 1 | 11 | 12 |
| 26 | Ultra High Resolution IP Camera | 1 | 11 | 12 | 25 | 44 | 69 |
| 27 | Professional Display for NOC | 1 | - | 1 | 4 | 0 | 4 |
| 28 | Cold Aisle Containment | - | - | 0 | 1 | 0 | 1 |
| 29 | Metered PDU | - | - | 0 | 10 | 0 | 10 |

| Sl.no | Items | Quantity | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | As per DPP | | | Actual Requirement | | |
| | **Active Elements** | BANBEIS | Education Board and others | Total | BANBEIS | Education Boards | Total |
| 30 | Signal reference grid (SRG) | - | - | 0 | 1 | 0 | 1 |
| 31 | Emergency Light- Twin Spot type | - | - | 0 | 10 | 0` | 10 |
| 32 | Lighting | - | - | 0 | 1 | 0 | 1 |
| 33 | Cable Tray | 1 | 11 | 12 | 1 | 11 | 12 |
| 34 | Raised Floor (RF) | 1 | 11 | 12 | 1 | 11 | 12 |
| 35 | MS Sheet Base Plate under Critical Components | - | - | 0 | 1 | 0 | 1 |
| 36 | Civil Works and relevant Interior | 1 | 11 | 12 | 1 | 11 | 12 |
| 37 | Tools Set and Accessories | - | - | 0 | 1 | 11 | 12 |
| 38 | Fire Alarm Switch | 2 | 9 | 11 | 0 | 22 | 22 |
| 39 | Fire Alarm Panel | - | - | 0 | 0 | 11 | 11 |
| 40 | Patch cable and network cable with installation | 1 | 11 | 12 | 1 | 11 | 12 |

৫.২ প্রকল্প পরিচালক Central Site ব্যানবেইস সহ Local Site শিক্ষাবোর্ডসমূহের Computer Hardware ( Active & Passive Elements) এর সংখ্যা ও ধরনের পরিবর্তনের কারণসমূহ বিস্তারিত সভায় তুলে ধরার জন্য প্রকল্পের পরামর্শক টিমের টিম লিডার প্রফেসর ড. মো: মনিরুল ইসলামকে অনুরোধ করেন। পরামর্শক প্রতিষ্ঠান বুয়েট এর সিএসই বিভাগের অধ্যাপক প্রফেসর আলীম আল ইসলাম বর্নিত বিষয়ে Power Point এর মাধ্যমে Hardwar Equipment এর সংখ্যা ও ধরনের পরিবর্তনের কারণ উল্লেখ করেন, যা নিম্নরুপ:

(ক) সময়ের পরিবর্তনের কারণে সাম্প্রতিক Hardware Functionality, Hardware Architecture, System Specification, System Integration, Software Requirements, Software Design and Testing এর ব্যাপক পরিবর্তন সার্ধিত হয়েছে। আগামি ২০ বছর যাতে প্রনীতব্য Software এবং ICT Infrastructure এর Security System নিয়ে কোনো সমস্যা নাহয়। সেজন্য নতুন ও আধুনিক Security Solution অন্তর্ভুক্ত করার কারনে Software ও Hardware Equipment এর তালিকা অনুমোদিত DPP হতে সংখ্যায় ও ধরনে পৃথক হয়েছে।

(খ) প্রকল্প চলাকালীন প্রকল্পের Requirement Analysis, Diversified Security Issues, Standard Software Design Practices প্রভৃতি বিষয়ে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক In-depth Study করে Software Development, Server provisioning, Storage Planning ইত্যাদি বিষয়ে Latest Technology বিবেচনা করার কারনে ICT Equipment (Active and Passive)অনুমোদিত ডিপিপি হতে সংখ্যায় ও ধরনে পরিবর্তিত হয়েছে।

(গ) ক্রয় মূল্যের ২৫% বার্ষিক নবায়ন ফি পরিহার করার জন্য Oracle Exadata System এর পরিবর্তে Database, Network ও Hardware ইত্যাদির জন্য Independent Platform ব্যবহার করার কারণে অনুমোদিত DPP হতে প্রস্তাবিত Database এর ধরনের পরিবর্তন হয়েছে। এক্ষেত্রে Availability of Support Services, Multi-Vendor Dependency, Ease of DB Admin Users, Available Featuresইত্যাদি বিষয়গুলোকে প্রাধান্য দেওয়ার কারনে অনুমোদিত DPP হতে প্রস্তাবিত Database এর ধরনের পরিবর্তন হয়েছে।

(ঘ) ডিপিপি সংশোধনের বিষয়ে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের পরিকল্পনা অনুবিভাগের উপসচিব বলেন সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরন,অনুমোদন ও সংশোধন পদ্ধতি: অনুচ্ছেদ-২এর উপানুচ্ছেদ ২.২ এর বিধান অনুযায়ী প্রকল্পের মোট ব্যয় ১৫% অথবা ৪০ কোটি টাকা (যেটিকম) ব্যয় বৃদ্ধি সহ ডিপিপি সংশোধনের ক্ষমতা প্রশাসনিক মন্ত্রণালয়ের রয়েছে বিধায় উল্লেখিত বৃদ্ধিপ্রাপ্ত ব্যয় সহ ডিপিপি সংশোধনের প্রস্তাব প্রকল্পের পিআইসির সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে। যা সরাসরি ডিপিইসি সভায় উপস্থাপন করা হবে। এক্ষেত্রে তিনি আরো উল্লেখ করেন নির্ধারিত সংশোধিত উন্নয়ণ প্রকল্প ছক/প্রস্তাব (আরডিপিপি) এর ১১ নং অনুচ্ছেদে ডিপিপি সংশোধনের কারণসমূহ ব্যাখ্যাসহ উপস্থাপন করতে হবে। তবে ডিপিপি সংশোধনে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য কোনোভাবে পরিবর্তন করা যাবে না।

৫.৩ : প্রকল্প পরিচালক বলেন অনুমোদিত ডিপিপিতে ১.৫০ কোটি শিক্ষার্থীর সংখ্যা বিবেচনা করে শিক্ষার্থী তথ্যছকের সংখ্যা, আইডি কার্ডের সংখ্যা বিবেচনা করা হয়েছিল। কিন্তু ২০২০ সালের বার্ষিক জরিপ তথ্য অনুযায়ী বর্তমানে ষষ্ঠ-দ্বাদশ শ্রেণিতে প্রায় ১.৫৯ কোটি শিক্ষার্থী রয়েছে। তাই শিক্ষার্থী তথ্যছক ও আইডি কার্ড এর সংখ্যা ১.৬০ কোটি হওয়া উচিত বলে সকল সদস্য একমত

পোষণ করেন। অন্যদিকে অনুমোদিত ডিপিপিতে ৩৪টি Software Module ধরা হলেও প্রণীতব্য নতুন সিস্টেম এর ব্যবহারকারীর সংখ্যা বিবেচনা করে (১) Authentication and Authorization (২) Training Management Software for NAEM ও (৩) Individual Email ID Generation Module for NTRCA এই তিনটি Software অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয়তা রয়েছে।

সিদ্ধান্ত-

**৫.১ ডিপিপি সংশোধনী প্রস্তাবে Computer Hardware ও আইসিটি অবকাঠামো (Active এবং Passive Elements) এর সংখ্যা ও ধরণ অন্তর্ভুক্ত করতে হবে।**

**৫.২ কারিগরি পরামর্শক টিমের সুপারিশ অনুযায়ী Database সংক্রান্ত পরিচালনা ব্যয় ও সহজলভ্য Support Service বিবেচনা করে Oracle Exadata System এর পরিবর্তে SQL Database System ব্যবহার করা যেতে পারে।**

**৫.৩ ডিপিপি সংশোধনের প্রস্তাবে শিক্ষার্থীর সংখ্যা ১.৫০ কোটি এর স্থলে ১.৬০ কোটি শিক্ষার্থীর সংখ্যা পরিবর্তনসহ উল্লেখিত অতিরিক্ত তিনটি Software Module অন্তর্ভুক্ত করা যেতে পারে।**

**৫.৪ সংশোধিত উন্নয়ন প্রকল্প ছক/প্রস্তাব (আরডিপিপি) অনুযায়ী ডিপিপি এর সংশোধন প্রস্তাব দ্রুত সময়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।**

**আলোচ্যসূচি:৬ - বিবিধ:**

৬.১- ORG হতে UID না পাওয়া

প্রকল্প পরিচালক বলেন ORG ও ব্যানবেইস এর মধ্যে API Link স্থাপিত হয়েছে। ব্যানবেইস ও ওআরজি এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের পাতা-৩ এর অনুচ্ছেদ নং ৪ অনুযায়ী API এর মাধ্যমে ব্যানবেইস হতে Request Parameter: ১) Fathers NID, ২) Mothers NID, ৩) Students BRN ৪) Students Date of Birth পাঠানো হলে ORG হতে Response Parameter: ১) UID, ২) Students Name, ৩) Students BRN, ৪) Students Date of Birth, ৫) Students Place of Birth, ৫) Students Gender পাওয়ার কথা। কিন্তু সমঝোতা স্মারক অনুযায়ী Request Parameter গুলো ORGতে প্রেরণ করা হলেও কঙ্খিত UID পাওয়া যাচ্ছে না। ১৯ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিতব্য সভায় এ বিষয়ে ORG তে বিস্তারিতভাবে তুলে ধরার জন্য মহাপরিচালক, ব্যানবেইস নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত - ৬.১ : দ্রুত সময়ের মধ্যে ORG ডেটাবেজের মাধ্যমে UID প্রাপ্তির বিষয় নিশ্চিত করতে হবে।**

**৬.২: ব্যানবেইসসহ** শিক্ষাবোর্ড সমূহের জনবল নিয়োগ ও পদ সৃজন:

সমন্বিত শিক্ষাতথ্য ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তনের নিমিত্ত ব্যানবেইসসহ শিক্ষা বোর্ডসমূহের জনয প্রকল্প কর্তৃক মোট ৩৪টি Software Module Development করা হবে। মন্ত্রণালয়, অধিদপ্তর, ব্যানবেইস এবং শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে তথ্য আদান-প্রদানে Interoperability সহ প্রণীতব্য Integrated Platform টির সফলভাবে ব্যবস্থাপনা, রক্ষণাবেক্ষন ও পরিচালনার জন্য প্রকল্প সমাপ্তির পর ব্যানবেইসের দুটি পদ (ডাটাবেজ এডমিনিস্ট্রেটর, নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার) এর পদ সৃজনের প্রস্তাব দ্রুত প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য মহাপরিচালক, ব্যানবেইস নির্দেশনা প্রদান করেন। এছাড়াও শিক্ষাবোর্ডসমূহে প্রস্তাবিত ডেটাবেজ এডমিনিস্ট্রেটরের একটি পদ যথেষ্ট নয় মর্মে প্রকল্পের অংশীজন সংস্থা শিক্ষাবোর্ডসমূহের প্রতিনিধিগণ এবং পরামর্শক টিমের সদস্যগণ অভিমত ব্যক্ত করেন। প্রনীতব্য অত্যাধুনিক System পরিচালনার জন্য শিক্ষাবোর্ডগুলোতে একজন ডেটাবেজ এডমিনিস্ট্রেটর এর পদসহ একজন প্রোগ্রামার ও একজন সহকারি প্রোগ্রামার (মেনটেনেন্স ইঞ্জিনিয়ার) এর পদ সৃজনের সুপারিশ করার অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত -৬.২: ব্যানবেইসে ডেটাবেজ এডমিনিস্ট্রেটর ও নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার এর দুটি পদ এবং শিক্ষাবোর্ডসমূহে একটি ডেটাবেজ এডমিনিস্ট্রেটর, একটি সহকারি প্রোগ্রামার (মেনটেনেন্স ইঞ্জিনিয়ার) এর পদ সৃজনের পুর্নাঙ্গ প্রস্তাব অতিদ্রুত প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।**

৭। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১০/২০২১

হাবিবুর রহমান
মহাপরিচালক
ব্যানবেইস